

ব্যবহারই হচ্ছে না, লক্ষাধিক টাকার সেসপুল ভ্যান বেহাল

হাল ফেরাতে লিজ দেওয়ার ভাবনা ডোমজুড় ব্লকে


নিজস্ব প্রতিনিধি, হাওড়া: লক্ষ লক্ষ টাকা ব্যয় করে ব্লকগুলিকে সেসপুল ভ্যান দিয়েছিল হাওড়া জেলা পরিষদ। কিন্তু অধিকাংশ জায়গাতেই দেখা যাচ্ছে, সেগুলি অব্যবহৃত অবস্থায় পড়ে পড়ে নষ্ট হচ্ছে। মরচে ধরছে যন্ত্রাংশে। ব্যবহার হচ্ছে হাতেসোনা অল্প কয়েকটি ভ্যান। তাই সম্পত্তি বাঁচাতে বিকল্প পথে হটিছে ডোমজুড়ের ব্লক অফিস। গত আর্থিক বছরে জেলা

ট্যাক্সের ময়লা পরিষ্কার করেন না। ফলে চাহিদা না থাকায় পড়ে পড়ে নষ্ট হচ্ছে সেসপুল ভ্যানগুলি। ডোমজুড় ব্লকের সেসপুল ভ্যানটির অবস্থা এরকমই। বিডিও অফিসের চৌহদ্দিতে খোলা আকাশের নীচে পড়ে রয়েছে গাড়িটি। ব্যবহারের অভাবে বনেটে শ্যাওলা জমেছে। সেই শ্যাওলা উঁকি মারছে ইঞ্জিনের ভিতরেও। মরচে ধরেছে যন্ত্রাংশগুলিতে। একই অবস্থা



গাড়িটি লিজ দেওয়া হলে সেটি নিয়মিত ব্যবহার হবে, তার রক্ষণাবেক্ষণ হবে। সর্বোপরি সেসপুল ভ্যানটি সচল থাকবে। এক্ষেত্রে লিজ বাবদ যে টাকা পাওয়া যাবে, তাতে নিজস্ব তহবিল আরও স্বাবলম্বী হবে।

—গার্গী দাস, বিডিও,
ডোমজুড় ব্লক



পরিষদ নিজস্ব তহবিল থেকে ব্লকগুলিকে একটি করে সেসপুল গাড়ি দিয়েছিল। এত টাকা খরচ হলেও তা কার্যত ভস্মে ঘি ঢালার শামিলা। অব্যবহৃত গাড়িগুলিতে মরচে ধরতে শুরু করেছে। দু'-একটি ব্লকে অবশ্য ব্যবহার করা হচ্ছে সেসপুল ভ্যান।

মূলত সেপটিক ট্যাঙ্ক পরিষ্কারের কাজে লাগে এই সেসপুল ভ্যান। সাকশান করে তুলে নেওয়া হয় ময়লা। খুব একটা প্রয়োজন না হলে এই গাড়িকে ডেকে এনে কেউ সেপটিক

জেনারেটরের কলকজাতেও। সেস টানার পাইপের ভিতর বাসা বেঁধেছে পোকা-মাকড়, বিছে। সরকারি সম্পত্তির এই করুণ দশা দেখে সমালোচনাও হচ্ছে বিস্তার।

গৃহস্থের বাড়ির সেপটিক ট্যাঙ্ক সাফাইয়ের জন্য গত এক বছরে একটি আবেদনও জমা পড়েনি ব্লক অফিসে। ডাকেনি কোনও বড় উদ্যোক্তাও। ফলে এই গাড়ির চাহিদা না থাকায় নতুন করে ভাবনাচিন্তা শুরু করেছে ব্লক প্রশাসন। নতুন বোর্ড গঠনের পর বৈঠকে ওঠে

প্রসঙ্গটি। ঠিক হয়, এই কাজে নিয়োজিত কোনও সংস্থাকে গাড়িটি লিজ দেওয়া হবে। এছাড়া আর কোনও উপায় নেই। কারণ সেগুলি সাধারণ মানুষের কাজে লাগে। ডোমজুড় ব্লকের বিডিও গার্গী দাস বলেন, গাড়িটি লিজ দেওয়া হলে সেটি নিয়মিত ব্যবহার হবে, তার রক্ষণাবেক্ষণ হবে। সর্বোপরি সেসপুল ভ্যানটি সচল থাকবে। এক্ষেত্রে লিজ বাবদ যে টাকা পাওয়া যাবে, তাতে নিজস্ব তহবিল আরও স্বাবলম্বী হবে। সেই টাকায় আমরা বরং মানুষের জন্য অন্য উন্নয়নমূলক কাজ করব। যদিও এর বাস্তবায়ন এখনও হয়নি। • নিজস্ব চিত্র